




স্যাকিমার গান

Sakima's song

 Ursula Nafula

 Peris Wachuka

 Asma Afreen

 3

 বাংলা [bn](#) / English [en](#)



স্যাকিমা তার মাবাবা এবং তার চার বছর বয়সী বোনের সাথে বাস করত। তারা একজন ধনী লোকের জমিতে বাস করত। তাদের খড়ের ছাওনি দেয়া কুঁড়েঘরটি গাছের সারির শেষ প্রান্তে ছিল।

...

Sakima lived with his parents and his four year old sister. They lived on a rich man's land. Their grass-thatched hut was at the end of a row of trees.



যখন স্যাকিমা তিন বছর বয়সী ছিল, সে অসুস্থ হয়ে পড়ে এবং তার দৃষ্টিশক্তি হারিয়ে ফেলে। স্যাকিমা একজন প্রতিভাবান ছেলে ছিল।

...

When Sakima was three years old, he fell sick and lost his sight. Sakima was a talented boy.



স্যাকিমা এমন অনেক কিছু করত যা অন্য ছয় বছর বয়সী ছেলেরা করত না। যেমন, সে গ্রামের বয়স্ক সদস্যদের সাথে বসত এবং গুরুত্বপূর্ণ বিষয়াদি আলোচনা করত।

...

Sakima did many things that other six year old boys did not do. For example, he could sit with older members of the village and discuss important matters.



স্যাকিমার মা-বাবা ধনী লোকটির বাড়িতে কাজ করতেন। তাঁরা ভোরে বাড়ি থেকে বের হতেন এবং সন্ধ্যায় দেরীতে বাড়ি ফিরতেন। স্যাকিমাকে তার বোনের সাথে রেখে যেতেন।

...

The parents of Sakima worked at the rich man's house. They left home early in the morning and returned late in the evening. Sakima was left with his little sister.



স্যাকিমা গান গাইতে ভালবাসত। একদিন তার মা তাকে জিজ্ঞেস করলেন, “তুমি কোথা থেকে এই গানগুলো শিখেছ, স্যাকিমা?”

...

Sakima loved to sing songs. One day his mother asked him, “Where do you learn these songs from, Sakima?”



স্যাকিমা উত্তর দিল, “এগুলো এমনিতেই চলে আসে, মা। আমি আমার মনে এদের শুনতে পাই এবং তারপর আমি গাই।”

...

Sakima answered, “They just come, mother. I hear them in my head and then I sing.”



স্যাকিমা তার বোনের জন্য গাইতে ভালবাসত, বিশেষ করে, যদি তার বোন ক্ষুধার্ত অনুভব করত। তার বোন তাকে তার প্রিয় গান গাইতে শুনত। সে সেই মিষ্টি সুরে দোল খেত।

...

Sakima liked to sing for his little sister, especially, if she felt hungry. His sister would listen to him singing his favourite song. She would sway to the soothing tune.



“তুমি কি এটি বারবার গাইতে পার, স্যাকিমা,” তার বোন তাকে অনুরোধ করত। স্যাকিমা তা মেনে নিয়ে বারবার গাইতে থাকত।

...

“Can you sing it again and again, Sakima,” his sister would beg him. Sakima would accept and sing it over and over again.



একদিন সন্ধ্যায় যখন তার মা-বাবা বাড়ি ফিরলেন, তারা অনেক শান্ত হয়ে ছিলেন। স্যাকিমা বুঝতে পেরেছিল যে কোনও খারাপ কিছু হয়েছে।

...

One evening when his parents returned home, they were very quiet. Sakima knew that there was something wrong.



“কি হয়েছে, মা, বাবা?” স্যাকিমা জিজ্ঞেস করল। স্যাকিমা জানতে পারল যে ধনী লোকটির ছেলে হারিয়ে গিয়েছে। লোকটি অনেক দুঃখিত ও একাকী অনুভব করছেন।

...

“What is wrong, mother, father?” Sakima asked. Sakima learned that the rich man’s son was missing. The man was very sad and lonely.



“আমি তার জন্য গাইতে পারি। তিনি আবার খুশি হতে পারেন,”
স্যাকিমা তার মা-বাবাকে বলল। কিন্তু তার মা-বাবা তাকে মানা
করলেন। “তিনি অনেক ধনী। তুমি কেবল একজন অন্ধ ছেলে।
তুমি কি মনে কর যে তোমার গান তাঁকে সাহায্য করবে?”

...

“I can sing for him. He might be happy again,”
Sakima told his parents. But his parents dismissed
him. “He is very rich. You are only a blind boy. Do
you think your song will help him?”



যাইহোক, স্যাকিমা হাল ছাড়েনি। তার ছোট বোন তাকে সমর্থন করল। সে বলল, “আমি যখন ক্ষুধার্ত থাকি, তখন স্যাকিমার গানগুলো আমাকে সান্ত্বনা দেয়। এগুলো ধনী ব্যক্তিকেও সান্ত্বনা দেবে।”

...

However, Sakima did not give up. His little sister supported him. She said, “Sakima’s songs soothe me when I am hungry. They will soothe the rich man too.”



তার পরদিন, স্যাকিমা তার ছোট বোনকে তাকে ধনী ব্যক্তির বাড়ির দিকে নিয়ে যেতে বলল।

...


The following day, Sakima asked his little sister to lead him to the rich man's house.



সে একটি বড় জানালার নিচে দাঁড়াল এবং তার প্রিয় গানটি গাইতে শুরু করল। ধীরে ধীরে, ধনী লোকটির মাথা বড় জানালাটি দিয়ে দেখা যেতে লাগল।

...

He stood below one big window and began to sing his favourite song. Slowly, the head of the rich man began to show through the big window.



শ্রমিকেরা যা করছিল তা বন্ধ করল। তারা স্যাকিমার সুন্দর গান শুনছিল। কিন্তু এক ব্যক্তি বলল, “কেউই মনিবকে সান্ত্বনা দিতে পারেনি। এই অন্ধ ছেলে কি মনে করে যে সে তাঁকে সান্ত্বনা দিতে পারবে?”

...

The workers stopped what they were doing. They listened to Sakima’s beautiful song. But one man said, “Nobody has been able to console the boss. Does this blind boy think he will console him?”



স্যাকিমা তার গান গাওয়া শেষ করল এবং চলে যাওয়ার জন্য ঘুরে দাঁড়াল। কিন্তু ধনী লোক তড়িঘড়ি করে বেরিয়ে এসে বললেন, “অনুগ্রহ করে আবার গাও।”

...

Sakima finished singing his song and turned to leave. But the rich man rushed out and said, “Please sing again.”



ঠিক সেই মুহুর্তে, দুইজন পুরুষ কাউকে স্ট্রেচারে করে নিয়ে আসেন। তারা ধনী ব্যক্তির ছেলেকে রাস্তার পাশে প্রহত অবস্থায় পেয়েছে।

...

At that very moment, two men came carrying someone on a stretcher. They had found the rich man's son beaten up and left on the side of the road.



ধনী লোকটি তাঁর ছেলেকে আবার দেখতে পেরে খুব খুশি হন।
তিনি স্যাকিমাকে তাঁকে সাহায্য দেবার কারণে পুরস্কৃত করেন।
তিনি তাঁর ছেলে এবং স্যাকিমাকে হাসপাতালে নিয়ে যান যাতে
করে স্যাকিমা আবার দৃষ্টিশক্তি ফিরে পেতে পারে।

...

The rich man was so happy to see his son again. He rewarded Sakima for consoling him. He took his son and Sakima to hospital so Sakima could regain his sight.



Global Storybooks

globalstorybooks.net

স্যাকিমার গান

Sakima's song

 Ursula Nafula

 Peris Wachuka

 Asma Afreen (bn)

